# শিশুদের শিক্ষকগণ এবং তাদের সাহায্যকারীগণের জন্য নির্দেশাবলী

## শুরু করুন

**প্রার্থনা ঃ** ‘‘প্রিয় ঈশ্বর, তুমি যে শিশুদের খুব ভালবাস সেই শিশুদের সঙ্গে মিলিত হওয়ার জন্য আমাকে উত্তমরূপে প্রস্তুত হতে সাহায্য কর।’’



**১. পৌল-তীমথি শিশুদের জন্য অধ্যয়ণগুলো ব্যবহার করুন।**

- পৌল-তীমথি অধ্যয়ণগুলো একটি বিন্যাসের মধ্যে এসেছে যার মধ্যে শিশুদের জন্য পালকদের ও অন্য অধ্যয়ণগুলোর যে বিষয় আছে, সেই একই বিষয়গুলো অন্তর্ভূক্ত। শিশুদের অধ্যয়ণের একেবারে ওপরে ‘ট্রড়্নপ্তুস্তুজন্দ্ধ’ শব্দটি লেখা থাকবে।
- শিশুরাও প্রাপ্ত বয়স্কদের মত একই বিষয়ে লিখবে।
- পৌল-তীমথি অধ্যয়ণগুলো শিশুদের আগেই বাইবেলের সেই গল্পগুলো প্রস্তুত করবে, যেগুলো প্রাপ্ত বয়স্করা যে বিষয় শিখবে তার সঙ্গে সম্পর্কযুক্ত। শিশুরা আরাধনার সময় প্রাপ্ত বয়স্কদের জন্য বাইবেলের গল্পটি অভিনয় করে দেখাতে পারে।

**২. অধ্যয়ণের মধ্যে আপনার শিশুদের প্রয়োজনের সঙ্গে মানানসই কার্যকলাপ পছন্দ করেন।**

- শিশুদের অধ্যয়ণগুলোর মধ্যে নানারকম কার্যকলাপ অন্তর্ভূক্ত করা হয়েছে। এগুলো সবগুলো ঐচ্ছিক। যেগুলো বর্তমান প্রয়োজনের সঙ্গে এবং সময়ের সঙ্গে মানানসই সেগুলো ব্যবহার করুন।

**৩. আরাধনার সময় প্রাপ্ত বয়স্কদের কাছে উপস্থাপন করার জন্য শিশুদের সভায় শিশুদের বিভিন্ন বিষয় প্রস্তুত করতে দিন।**

- ছোট ছোট শিশুদের একসাথে দাঁড়িয়ে কিছু বলতে অথবা সমবেত সঙ্গীত গাইতে দিন।
- তাদেরকে দিয়ে মুখস্থ পদ, কবিতা বলাতে পারেন, ছোট নাটিকা করাতে বা পাঠ করাতে পারেন।
- কয়েকজন শিশু শান্ত ও লাজুক হয়। অন্যদের সঙ্গে যোগদান এবং একসাথে কিছু করার মাধ্যমে তারাও অংশ নিতে পারে।

**৪. শিশুদের কয়েকটি সহজ গান করতে দিতে পারেন, যে গানগুলো তাদের পরিচিত সুরে রচনা করা হয়েছে।**

- পাঠের সঙ্গে সহজ গান যোগ করতে হবে, যার সুর এমন হবে যাতে শিশুরা উপভোগ করতে পারে।
- বড় শিশুদের সপ্তাহের বিষয়ের ওপর সরল কবিতা লিখতে দিন যেন তা সুরের সঙ্গে মানানসই হয়।

**৫. ছোট শিশুদের হাত নাড়ান বা শরীর চালনার পুনরাবৃত্তি করতে দিন।**

গল্প বলার সময় অথবা গান করার সময় তারা তাদের আঙ্গুল, বাহু অথবা পা নাড়াতে ভালবাসে। উদাহরণ, দায়ূদের গলিয়াৎকে হত্যা করার গল্পটি বলার মধ্যে তাদের অংশ গ্রহণ করতে দিন।

- গলিয়াৎ যখন ইস্রায়েলের সৈন্যদের যুদ্ধে আহ্বান করবে, তখন শিশুরা বাতাসে মুষ্টিবদ্ধ হাত নাড়াবে।
- দায়ূদ যখন ফিঙে দিয়ে পাথর নিক্ষেপ করবে, তখন শিশুরাও ফিঙে ঘোরানোর মত করে হাত ঘোরাবে।
- গলিয়াৎ যখন পড়ে যাবে, তখন শিশুরাও আর্তনাদ করে পড়ে যাবে। ইত্যাদি।

ছোট শিশুরা পুনরাবৃত্তি করতে এবং নানারকম শব্দ করতে পছন্দ করে। উদাহরণস্বরূপ ঃ

- আপনি যদি দয়ালু শমরিয়ের গল্পটি বলেন, তবে শিশুদের গাধার পায়ের খুড়ের ক্লপ! ক্লপ! ক্লপ! শব্দ করতে করতে সরাইখানার দিকে হেঁটে যেতে দিন।

- আদম হবার গল্প বলার সময় যখন সাপের উল্লেখ করা হবে, তখন শিশুদের জোড়ে জোড়ে কয়েকবার হিস্‌হিস্‌ শব্দ করতে দিন।

**৬. বড় শিশুদের ছোটদের শিখতে এবং শিষ্য করতে সাহায্য করতে দিন।**

- বড় শিশুদের কি করতে হবে সেই বিষয়ে ব্যাখ্যা করুন।
- সহজ সরল কাজ দিন এবং একবারে একটা ধাপ করতে বলুন।

**৭. শিশুদের প্রাপ্ত বয়স্কদের সঙ্গে একসাথে আরাধনা করতে দিন।**

- শিশুদের যতটা সম্ভব অধিকরূপে অন্তর্ভূক্ত করার মাধ্যমে আরাধনার সময় 'পারিবারিক' অনুভূতি সৃষ্টি করুন।
- শিশুদের অধ্যয়ণের মধ্যে আরাধনার সময় বড়দের সঙ্গে উপস্থাপনের বিষয়গুলোও অন্তর্ভূক্ত আছে।
- বিষয়গুলো উত্তমরূপে প্রস্তুত করুন এবং প্রথমে সেগুলো শিশুদের সভায় উপস্থাপন করুন।

**৮. ক্ষুদ্র দলে শিশুদের কথা শুনুন এবং তাদের খ্রীষ্টে বৃদ্ধি লাভ করতে সাহায্য করুন।**

- পৌল-তীমথি নেতৃত্বে প্রশিক্ষণ প্রধান আরাধনার সময় তিন থেকে পাঁচ জনের ক্ষুদ্র দলগত আলোচনার জন্য সময় প্রদান করে, যাতে লোকেরা পরস্পরের জন্য প্রার্থনা করতে পারেন এবং কথা বলতে পারেন। এইরূপ কয়েকটি দলে শিশুরাও অন্তর্ভূক্ত থাকবে।
- কয়েকজন প্রাপ্ত বয়স্কদের এই দলগুলোতে শিশুদের সঙ্গে কথা বলতে এবং তাদের সঙ্গে প্রার্থনা করার জন্য প্রস্তুত করতে হবে।
- বাইবেল অধ্যয়ণের পর ইহা করুন, যাতে আপনি এ বিষয়ে প্রশ্ন জিজ্ঞাসা করতে পারেন এবং এর ওপর মন্তব্য করতে পারেন।
- নতুন নিয়মে বলা হয়েছে আমরা যখন সমবেত হই, তখন আমরা বিভিন্ন ভাবে শিক্ষা দিতে এবং পরস্পরের সেবা করতে পারি। এর মধ্যে শিশুরাও অন্তর্ভূক্ত। আমরা যখন এইরূপ করি, তখন পবিত্র আত্মা আরও শক্তিশালীরূপে কাজ করতে পারে।

**৯. ক্ষুদ্র দলে শিশুদের সঙ্গে কথা বলার সময় কিভাবে আপনি তাদের সাহায্য করতে পারেন, সেই বিষয়গুলো খুঁজে বের করুন।**

- এইরকম প্রশ্ন জিজ্ঞাসা করুন, ''এই গল্পটিতে কোন্‌ ব্যক্তিটি তোমার সবচেয়ে পছন্দ কেন?''
- ''তুমি কি সেই ব্যক্তিটার মত হতে চাও?'' ''তোমাকে কি করতে হবে?''
- ''তোমার ঘরে, স্কুলে, প্রতিবাসীদের সঙ্গে কি কোন সমস্যা আছে যে বিষয়ে আমরা প্রার্থনা করতে পারি?''
- ''পরের সপ্তাহে তুমি কাকে সাহায্য করতে পার অথবা কার প্রতি তুমি দয়া প্রদর্শন করতে পার?'' ''তুমি কি করবে?''
- ''তুমি তোমার বাবা মাকে সন্তুষ্ট করার জন্য করতে পার, এমন একটা বিষয় কি আমাকে বলতে পার?''
- ''তোমার ভাই বোনকে সন্তুষ্ট করার জন্য পরবর্তী সপ্তাহে তুমি কোন্‌ একটি বিষয় করবে?''

**১০. শিশুদের বাইবেলের গল্পগুলো অভিনয় করতে দিন।**

- শিশুদের অধ্যয়ণগুলোতে সংক্ষিপ্ত নাটক অন্তর্ভূক্ত আছে। তারা শিশুদের সভায় প্রথমে সেগুলো অনুশীলন করবে, তারপর তারা প্রধান আরাধনার সময় প্রাপ্ত বয়স্কদের সাহায্যে আবার উপস্থাপন করবে।
- শিশুরা বাইবেলের গল্পগুলো নাটকে অভিনয় করতে পছন্দ করে। এইভাবে অভিনয় করার মাধ্যমে তারা বাইবেলের আত্মিক সত্যগুলো আরও উত্তমরূপে মনে রাখতে পারে। তারা শিশুদের শিক্ষণ সময়ে, এটার মহড়া দিতে পারে না, কারণ এই মহড়াই হচ্ছে একটা শিক্ষণের কার্যকলাপ। খুব সংক্ষিপ্ত ও সরলভাবে করলে এই নাটকগুলো আরও ভালভাবে কাজ করে, শিশুদের অসংখ্য বাক্য মুখস্থ করতে বলার প্রয়োজন নেই।

- উদাহরণ, শিশুদের সভায় কনানীয় প্রতিমাপূজকদের সঙ্গে যিহোশূয়ের যুদ্ধের বিষয় শিক্ষাদানের সময় শিক্ষক কয়েকজন শিশুকে বলতে পারেন, ''তোমরা যিহোশূয়ের সৈনিক হবে এবং অন্যরা কনানীয়দের সৈন্য হবে।''
- যদি যে নাটকটি করা হচ্ছে তার প্রতিটি চরিত্র অভিনয় করার মত যথেষ্ঠ শিশু না থাকে, তবে প্রতিবাসী শিশুদের সাহায্য করতে বলতে হবে অথবা বর্ণনাকারী বলে দেবে গল্পের কোন্ চরিত্র সেই কথাটি বলছে, অথবা তিনি সেটা পাঠ করবেন।
- শিক্ষক তাদের বলে দেবেন কি বলতে হবে, তারা সেই কথাগুলো পুনরাবৃত্তি করবে, কিন্তু শিশুদের অঙ্গভঙ্গি করে দেখাতে হবে। তারা হৈ চৈ করে ছোটাছুটি করবে, খড়গ এবং ঢালের জন্য কোন জিনিস জোগাড় করবে, তারপর গল্পটা অভিনয় করে দেখাবে। তারপর কোন কিছু করানোর জন্য তাদের শান্ত করতে বেশ কিছু সময় লাগবে, কিন্তু তারা এর মাধ্যমে অনেক বেশী শিখতে পারবে এবং তারা এটা পছন্দ করবে।
- প্রতি সপ্তাহে আরাধনার সময় শিশুদের দিয়ে নাটক উপস্থাপনের জন্য আরাধনার নেতাদের সঙ্গে ব্যবস্থা করতে হবে।
- যদি সমস্ত অংশগুলো অভিনয় করার মত যথেষ্ট শিশু না থাকে, তবে প্রতিবাসী শিশুদের কাছ থেকে আপনি সাহায্য চাইতে পারেন। ইহা তাদেরও খ্রীষ্টকে আবিষ্কার করতে সাহায্য করতে পারে।
- বড় শিশুরা যদি কথোপকথনগুলোর সমস্ত শব্দগুলো মুখস্থ বলতে না পারে, তবে তাদের সেই ধারনাটাকে নিজের মত করে প্রকাশ করতে দিন। প্রথম বিষয়টি কঠিন মনে হলেও, পরবর্তী সময়ে শিশুরা তাদের কল্পনা থেকে কথা বলতেই বেশী পছন্দ করবে এবং নাটকটা তখন আরও প্রভাবশালী হয়ে উঠবে। কিছু শিশু আছে যারা সর্বদা কথাগুলো মুখস্থ করাই পছন্দ করবে। তাদের খুশীমত করতে দিন।

**১১. আপনি যে বিষয়ে শিক্ষা দিচ্ছেন, সেই বিষয়গুলোর ওপর কিছু চাক্ষুষ উপকরণ বা কিছু ছবি তৈরী করুন।**

- বিষয়গুলোর উদাহরণ ঃ যীশু জগতের জ্যোতি, এই বিষয়টি শিক্ষা দানের সময় শিশুরা শিখাযুক্ত মোমবাতি ওপরে তুলে ধরে বাইবেলের পদ অথবা কবিতা বলবে।
- চিহ্নসমূহ। উদাহরণ ঃ শিশুরা কথা বলার সময় আঁকা চিহ্নগুলো ধরে রাখবে। যীশু এক অন্ধকে আরোগ্য করেছিলেন - এই বিষয়ে কথা বলার সময় তারা চিহ্ন তুলে ধরবে, যাতে লেখা থাকবে ''ঈশ্বর প্রেম।'' তবে দুজনের মধ্যে একজন 'ঈশ্বর' শব্দটা ধরবে, অন্যজন 'প্রেম' শব্দটা ধরবে।
- নাচ। উদাহরণ ঃ ইস্রায়েলের সন্তানদের লোহিত সাগরের মধ্যস্থ শুষ্ক ভূমির ওপর দিয়ে অতিক্রম করার বিষয়ে কথা বলার সময় শিশুরা নাচের মাধ্যমে বিষয়টি উদ্‌যাপন করবে। যাত্রা পুস্তক ১৫ অধ্যায়ে বর্ণিত মোশি ও তাঁর লোকেরা পরে যে গান করেছিল, কোন একজন সেটা পাঠ করবে। শয়তান হবাকে প্রলোভিত করেছিল সেটার ব্যাখ্যা প্রদর্শনের জন্য শিশুরা সাপের আকার গঠন করতে পারে। বড় শিশুরা সামনের দিকে থাকবে, প্রত্যেকে তাদের সামনের শিশুকে ধরবে, তারপর এক সারিতে হিস্ হিস্ করতে করতে তারা ঘরময় ঘুরতে থাকবে।

সাধারণ বিষয়গুলো যা সহজেই পাওয়া যায় তা ব্যবহার করতে হবে। আপনার কল্পনা ব্যবহার করুন। সকল বিষয়গুলো সবচেয়ে উত্তমরূপে বাইবেলের সত্যগুলো প্রকাশ করত বা ব্যাখ্যা প্রদর্শন করতে পারে। সে বিষয়গুলো শিশুরা প্রতিদিন দেখে, সেই বিষয়গুলো ব্যবহার করুন। যখনই তারা সেই বিষয়গুলো দেখবে, তারা ঈশ্বরকে স্মরণ করতে পারবে। সেই বিষয়গুলো তাদের ধরতে দিন এবং তাদের সম্পর্কে কথা বলতে দিন। উদাহরণ সমূহ ঃ

ঘাঁস - যীশুর কৃষকের সম্পর্কে দৃষ্টান্ত মূলক গল্প যে বীজ বপন করেছিল।

মুখের ছবি আঁকা কতগুলো পাথর-মন্দ লোকদের জন্যে ভীতি প্রদর্শনকারীমুখ এবং উত্তম লোকদের জন্য হাসি মুখ।

সবুজ পাতা - উত্তম লোকেরা জলস্রোতের তীরের বৃক্ষের মত (গীত ১)

শুষ্ক পত্র - ঈশ্বর ফলহীন বৃক্ষকে অভিশাপ দিয়েছিলেন (মার্ক ১১ঃ১২-২৪)।

একটি ঝাড়ু - পবিত্র আত্মা আমাদের জীবন থেকে পাপ ঝাড়ু দিয়ে দূর করে দেয়।

একটি সাবান - খ্রীষ্টের রক্ত হল একমাত্র সাবান যা আমাদের পাপ সকল ধৌত করে।

এক গ্লাস জল - যীশু শমরীয় নারীর কাছে জীবন জলের বিষয় প্রতীজ্ঞা করেছিলেন।

দুটো লাঠি একসঙ্গে যুক্ত - ক্রুশ।

কাগজের তৈরী একটা মাছ - পিতর মাছ ধরতেন।

একটি পেনসিল - জীবন পুস্তকে আমাদের নাম লেখা আছে।

এক পাত্র ফল - আত্মিক ফল (গালাতীয় ৫ঃ২২-২৩)

এক পাত্র ভাত - খ্রীষ্টের সঙ্গে আমাদের মহা বিবহ ভোজ (প্রকাশিত বাক্য ১৯ঃ৬-১০)

একটা দীর্ঘ লাঠি যার একটি দিক ছুঁচালো - ক্রুশে সৈন্যরা যীশুর কুক্ষিদেশ বর্শা দ্বারা বিদ্ধ করেছিল।

একটি হাতুড়ি অথবা করাত - নোহ এবং তাঁর কর্মীগণ বহুবছর যাবৎ একটি জাহাজ নির্মাণ করেছিলেন।

একটি ফুল - ঈশ্বরের সুন্দর সৃষ্টি (আদি ১), অথবা ঈশ্বরের প্রতিবিধান (লূক ১২ঃ২২-৩২)

একটি কাঁটা বা কাঁটা গাছ - মানুষের প্রথম পাপের পর ঈশ্বরের অভিশাপ (আদি ৩ঃ১৭-১৯)

Copyright 2004 © by Paul-Timothy. May be freely copied. Download from www.Paul-Timothy.net